

২২. প্রোগ্রামার (ই.সি)  
Refund  
২৬/০৩/১৯



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন অধিকার  
অতীত জন্ম

নম্বর-১৭.০০.০০০০.০১৬.১৯.০০৮.১৯-২৩২

তারিখ: ১৪ চৈত্র ১৪২৫  
২৮ মার্চ ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোঃ শফিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ), কিশোরগঞ্জ (প্রত্যাহারের আদেশপ্রাপ্ত) ২৪ মার্চ ২০১৯ তারিখে কটিয়াদী উপজেলা পরিষদ নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্বে ছিলেন;

যেহেতু, উল্লিখিত উপজেলা পরিষদ নির্বাচনে ২৩ মার্চ ২০১৯ তারিখ রাত ১২.৩০ টা হতে ৪.৩০ টা পর্যন্ত বিভিন্ন ভোটকেন্দ্রে ব্যালট পেপারে জোরপূর্বক সীলমারা হয় বলে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার নির্বাচন কমিশনকে অবহিত করেছেন;

যেহেতু, উল্লিখিত বেআইনি কার্যক্রমের বিষয় আপনি জনাব মোঃ শফিকুল ইসলাম অবহিত থাকা সত্ত্বেও দায়িত্ব যথাযথভাবে পালন না করে নির্বাচন কমিশনের আদেশ পালনে ইচ্ছাকৃতভাবে ব্যর্থ হয়েছেন এবং কোন প্রতিকারমূলক পদক্ষেপ গ্রহণ করেন নাই। যে কারণে আপনি জনাব মোঃ শফিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ), কিশোরগঞ্জ (প্রত্যাহারের আদেশ প্রাপ্ত) অসদাচরণ করেছেন বলে গণ্য হয়েছেন;

যেহেতু, উল্লিখিত অসদাচরণ চাকরিবিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হয়েছে এবং তজ্জন্য আপনার চাকরিবিধি অনুযায়ী আপনার বিরুদ্ধে শৃঙ্খলামূলক কার্যধারা গ্রহণ করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন;

সেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ), কিশোরগঞ্জ (প্রত্যাহারের আদেশপ্রাপ্ত)-কে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ধারা ৫ এর উপধারা (৩) অনুযায়ী চাকরি হতে ০২ মাসের জন্য সাময়িকভাবে বরখাস্ত করা হলো। যা আপনার নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হয়েছে বলে গণ্য হবে (কপি সংযুক্ত)।

০২। প্রচলিত নিয়ম মোতাবেক আপনি সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা পাবেন। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষর:-

(মোঃ কামাল উদ্দিন বিশ্বাস)  
যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ)  
ফোন: ৫৫০০৭৫৬২

মোঃ শফিকুল ইসলাম  
অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ)  
কিশোরগঞ্জ  
(প্রত্যাহারের আদেশপ্রাপ্ত)

নম্বর-১৭.০০.০০০০.০১৬.১৯.০০৮.১৯-২৩২

তারিখ: ১৪ চৈত্র ১৪২৫  
২৮ মার্চ ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৪. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

অফিসের ঠিকানাঃ


E:\PM 2 Documents\19\_Police Department\UZ-Office Order Letter-25.03.2019.doc  
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৯. বিভাগীয় কমিশনার, .....(সংশ্লিষ্ট)
১০. উপমহাপুলিশ পরিদর্শক, ..... (সংশ্লিষ্ট রেঞ্জ)
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ✓ ১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৫. জেলা প্রশাসক, ..... (সংশ্লিষ্ট)
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..... (সংশ্লিষ্ট)
১৭. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৮. পুলিশ সুপার, ..... (সংশ্লিষ্ট)।
১৯. সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা, ..... (সংশ্লিষ্ট)।
২০. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ।
২১. উপজেলা নির্বাহী অফিসার, ..... (সংশ্লিষ্ট) ও সহকারি রিটার্নিং অফিসার।
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ..... (সংশ্লিষ্ট)।
২৩. জেলা তথ্য অফিসার, ..... (সংশ্লিষ্ট)।
২৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ..... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৮. উপজেলা নির্বাচন অফিসার, ..... (সংশ্লিষ্ট)।
২৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..... (সংশ্লিষ্ট)।



(নূর নাহার ইসলাম)  
সহকারী সচিব (জঃব্যঃ-২)